

নিয়োগ প্রার্থীদের প্রতি অনুরোধ

লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু নিয়োগ প্রার্থী দরখাস্ত দাখিলের শেষ দিন হতে নিজে এবং বিভিন্ন প্রভাবশালী ব্যক্তিবর্গের মাধ্যমে চেয়ারম্যান, এন.টি.আর.সি.এ-কে ফোনে প্রভাবিত করতে চাচ্ছেন। এ প্রসঙ্গে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিয়োগের সুপারিশ প্রণয়নের কার্যক্রমটি সম্পূর্ণ স্বচ্ছ এবং মনুষ্য প্রভাবমুক্ত একটি কম্পিউটার চালিত **Automated** প্রক্রিয়া যেখানে কোনো মানুষ চাইলেও **Computerised** প্রক্রিয়ায় কোনো প্রভাব বিস্তার করতে পারবেন না। আর যদি কোনো সফটওয়্যার ইঞ্জিনিয়ার কম্পিউটার সিস্টেমকে প্রভাবিত করেনও, তবে সিস্টেমটি স্বচ্ছ হবার কারণে ফলাফল যেহেতু সকল প্রার্থী দেখতে পাচ্ছেন এবং সম্মিলিত জাতীয় মেধাতালিকায় নিজের মেধাক্রমের সাথে সুপারিশকৃত ব্যক্তির মেধাক্রম মিলিয়ে নির্বাচন সঠিক হয়েছে কিনা দেখতে পারবেন, সেহেতু এ প্রক্রিয়ায় কোনো অনিয়ম করার সুযোগ নেই। চেয়ারম্যান, এন.টি.আর.সি.এ'র এখানে পক্ষে-বিপক্ষে কোনভাবেই প্রভাব বিস্তারের সুযোগ নেই বিধায় অনুগ্রহপূর্বক অহেতুক তদবির করা হতে বিরত থাকুন এবং আমাদেরকে স্বচ্ছন্দে কাজ করতে দিন।

এ নিয়োগ প্রক্রিয়ায় সামান্যতম অনিয়ম হবে না এবং কেবল যোগ্যতম ব্যক্তিই নিয়োগের সুপারিশ পাবেন আমরা তার প্রতিশ্রুতি দিচ্ছি। আপনাদের তদবির নিয়োগের কাজকে শুধু বিলম্বিত করতে পারবে কিন্তু প্রভাবিত করতে পারবে না। সুতরাং আপনাদের ফলাফল দ্রুততম সময়ে প্রকাশের নিমিত্ত তদবির না করার মাধ্যমে আমাদের সহযোগিতা করুন।

Please help us to help you.

চেয়ারম্যান
এন.টি.আর.সি.এ, ঢাকা।